

মহানগর ইন্ডাস্ট্রিয়াল

তারিখ
পৃষ্ঠা ৩ কলাম ৪

SEP. 20 1982

মহানগর পরিক্রমা

চার বিআইটিকে এ বছরই প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করা হবে

রাজশাহীতে শিক্ষামন্ত্রীর ঘোষণা

রাজশাহী অফিস ॥ শিক্ষা মন্ত্রী ডঃ এম. ওসমান ফারুক বলেছেন, চলতি বছরই দেশের চারটি বিআইটিকে প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করা হবে। আগামী ডিসেম্বর মাসে প্রধানমন্ত্রী রাজশাহী বিআইটিকে আনুষ্ঠানিকভাবে বিশ্ববিদ্যালয় হিসেবে ঘোষণা দিবেন বলে তিনি আশা প্রকাশ করেছেন।

শনিবার দুপুরে বিআইটি রাজশাহীর অডিটোরিয়ামে আয়োজিত শিক্ষক, কর্মকর্তা, ছাত্র-ছাত্রী ও কর্ম-

চারীদের সাথে মিতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে তিনি এ ঘোষণা দেন। এর আগে তিনি বিআইটির নবনির্মিত পুরকৌশল ভবন আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন।

শিক্ষামন্ত্রী, শিক্ষাদানে সঙ্গী ও অস্থিতিশীলতা সৃষ্টির ষড়যন্ত্র ও তৎপরতা চানানো হলে তা সরকার কঠোরভাবে নিরস্ত্রণ করবে বলে তিনি ঘোষণা দেন। দুর্নীতি ও সঙ্গীসমূহ শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে তিনি দলমত নির্বিশেষে সকলের

সহায়তা চেয়েছেন। তিনি বলেন, আমরা শিক্ষাদানকে দলীয়করণ করতে চাই না, মুক্ত চিন্তা ও জ্ঞান অর্জনের ক্ষেত্রবিন্দুতে পরিণত করতে চাই।